গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৩২ তারিখ : ০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

(মোঃ ফিরোজ কবীর)
সদস্য সচিব
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি
ও
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব.........................................
.................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উজনপ্রঅ/নাগ/কুড়ি/২০২৫/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
(মোঃ ফিরোজ কবীর)
সদস্য সচিব
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি
ও
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিঃ,

সময় ঃ সকাল ১১.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৩ | উপ-সহকারী প্রকৌশলী বিএমডিএ, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, নাগেশ্বরী, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত ।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। নাগেশ্বরী পৌর এলাকায় ৩ কিলোমিটার ড্রেন নির্মাণ কার্যক্রম শেষ হয়েছে। ৫৩ কিলোমিটার সুপেয় পানির লাইন নির্মাণ করা হয়েছে এবং ৫১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হয়েছে। পানির লাইনের সংযোগ ফি ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে মর্মে সভায় জানান। সুপেয় পানি সরবরাহে বরাদ্দকৃত নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানান।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, চরাঞ্চলের সাধারণ জনগণ নিরাপদ পানির অভাবে এবং অস্বাস্থ্যকর স্বাস্থ্যাভ্যাস ও স্যানিটেশন এর কারণে বিভিন্ন ধরণের রোগ-ব্যাধিতে আক্রান্ত হয়। এ অবস্থা থেকে পরিত্রাণের জন্য চরের বিভিন্ন জনবসতিপূর্ণ স্থানে উঁচু জায়গায় গভীর নলকুল স্থাপন ও উঁচু স্থানে ল্যাট্রিন নির্মাণের কাজ চলমান আছে মর্মে সভায় জানান।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি জানান যে, করোনা পরিস্থিতি কারণের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াস ব্লক নির্মাণ করা হয়েছে। ওয়াস ব্লকসমূহ যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ হচ্ছে কিনা সে বিষয়ে নজরদারি বাড়ানোর অনুরোধ জানান।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম